# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 22-10-2025** **Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবরঃ-

১) দেশ জুড়ে এসআইআর সংক্রান্ত বিজ্ঞপ্তি জারির বিষয় নিয়ে আজ ও আগামীকাল নতুন দিল্লীতে জরুরী বৈঠকে নির্বাচন কমিশন।

কমিশনের নির্দেশ পালন না করায় রাজ্য জুড়ে এক হাজারেরও বেশি বিএলও-কে কারণ দর্শানোর নোটিশ।

২) হাওড়ার উলুবেড়িয়ায় সরকারি হাসপাতালে কর্তব্যরত মহিলা চিকিৎসককে নিগ্রহের ঘটনায় আরও একজনকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তারের সংখ্যা বেড়ে তিন।

৩) মিরিক যাওয়ার পথে নলডাড়ায় আজ এক যাত্রীবাহী গাড়ি খাদে পড়ে গেলে ৪ জন নিহত এবং ১০ জন আহত হয়েছেন।

উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রামে দুটি বাসের রেষারেষির জেরে মৃত্যু মাধ্যমিক পরীক্ষার্থীর।

৪) কোচবিহার জেলা পুলিশ সুপারের বাংলোর বাইরে বাজি ফাটানোর ঘটনায় সাতজনকে পুলিশ হেফাজতের নির্দেশ।

৫) আগামী দুদিন কলকাতা সহ রাজ্যের সর্বত্র আকাশ পরিস্কার থাকবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

-----------------------------------------------------------------------------------

দেশজুড়ে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী - এসআইআর সংক্রান্ত বিজ্ঞপ্তির জারির আগে নির্বাচন কমিশন আজ ও আগামীকাল বিহার ছাড়া অন্যান্য রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিক ও অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে জরুরি বৈঠক করছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের সভাপতিত্বে কমিশনের ফুল বেঞ্চ ঐ বৈঠকে বিএলও, ইআরও, এইআরও এবং বিএলএ-দের নিয়োগ ও প্রশিক্ষণ নিয়ে আলোচনা করছে।

দিল্লীর দ্বারকার ইন্ডিয়া ইন্টারন্যাশানাল ইনস্টিটিউট অফ ডেমোক্র্যাসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট IIIDEM-এ এই বৈঠক অনুষ্ঠিত হচ্ছে।

রাজ্যে সঠিকভাবে এসআইআর হলে এক কোটির বেশি নাম ভোটার তালিকা থেকে বাদ যাবে বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, তৃণমূল কংগ্রেস ভুয়ো ভোটারদের নিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে চায়। সীমান্তবর্তী জেলাগুলিতে পরিকল্পিতভাবে জনবিন্যাসের পরিবর্তন করা হয়েছে বলে তাঁর অভিযোগ।

বাইট শমীক

-------------------------

নির্বাচন কমিশনের নির্দেশ পালন না করায় রাজ্যজুড়ে এক হাজারেরও বেশি বুথ লেভেল আধিকারিক-বিএলও-কে কারণ দর্শানোর নোটিস দেওয়া হয়েছে। কমিশন সূত্রে জানা গিয়েছে, চলতি বছরের এপ্রিল মাস থেকে রাজ্যজুড়ে বিএলও নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছিল। সেই সময় থেকে ১৭ অক্টোবর পর্যন্ত প্রায় এক হাজারেরও বেশি বুথ লেভেল

অফিসার কাজে যোগ দেননি। তাঁদের কারণ দর্শানোর চিঠি দেওয়া হয়েছে। নোটিসের জবাব সন্তোষজনক না হলে ১৯৫০ সালের জনপ্রতিনিধিত্ব আইন অনুযায়ী আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে কমিশন স্পষ্ট করেছে।

এদিকে, ভোটকর্মী ও বিএলও ঐক্য মঞ্চের সম্পাদক স্বপন মন্ডল বলেছেন, বুথ লেভেল আধিকারিকদের আসল দাবি হল নিরাপত্তা।

বাইট স্বপন মন্ডল

--------------------------

হাওড়ার উলুবেড়িয়ায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায় গভর্মেন্ট মেডিকেল কলেজ হাসপাতালে কর্তব্যরত মহিলা জুনিয়ার চিকিৎসককে নিগ্রহের ঘটনায় ধৃত শেখ সম্রাটকে আজ উলুবেড়িয়া আদালতে তোলা হলে দুদিনের পুলিশ হেফাজত হয়েছে। এর আগে এই ঘটনায় ধৃত মূল অভিযুক্ত অস্থায়ী হোম গার্ড শেখ বাবুলাল এবং অপর অভিযুক্ত শেখ হাসিবুলকে গতকালই তিনদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। হাসপাতালের সিসিটিভি ফুটেজ দেখে এই তিনজনকে ধরা হয়। বাকিদের খোঁজে তল্লাশি চলছে। ইতোমধ্যে অস্থায়ী হোমগার্ডের পদ থেকে বাবুলালকে সরিয়ে দেওয়া হয়েছে বলে খবর।

এদিকে এই ঘটনাকে কেন্দ্র করে আজও প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত। দোষীদের শাস্তির দাবিতে পানিয়ারায় হাওড়া গ্রামীণ পুলিশ সুপারের অফিসের সামনে বিজেপির প্রতিবাদ কর্মসূচিকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। ব্যারিকেড ভেঙে বিজেপির নেতা কর্মীরা এগিয়ে যাওয়ার চেষ্টা করলে পুলিশের সঙ্গে ধ্বস্তাধস্তি বাধে।

অন্যদিকে, জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্সের প্রতিনিধিরা আজ উলুবেড়িয়ার ঐ হাসপাতাল পরিদর্শন করেন। তারা নিগৃহীতা এবং কলেজ কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেন।

সংগঠনের প্রতিনিধি ডাক্তার পবিত্র গোস্বামী জানান, ঘটনার প্রতিবাদে হাসপাতালের সুপারকে স্মারকলিপি দিয়েছেন তারা। রাজ্যের হাসপাতালগুলির সামগ্রিক পরিস্থিতি নিয়েও ক্ষোভ প্রকাশ করেন তিনি।

বাইট পবিত্র

মহিলা চিকিৎসকের ওপর আক্রমণের প্রতিবাদে আজ সার্ভিস ডক্টরস ফোরাম, মেডিকেল সার্ভিস সেন্টার এবং নার্সেস ইউনিটির পক্ষ থেকে হাসপাতালের সামনে বিক্ষোভ দেখানো হয়। প্রিন্সিপাল এবং এম এস ভিপি-র কাছে স্মারকলিপিও জমা দেন তারা। উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠন এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান, সার্ভিস ডক্টরস ফোরামের সাধারণ সম্পাদক ডা: সজল বিশ্বাস।

--------------------------

দুর্গাপুরে বেসরকারি মেডিক্যাল কলেজের দ্বিতীয় বর্ষের এক ছাত্রীকে গণধর্ষণের ঘটনার তদন্তে নির্যাতিতা এবং তার সহপাঠীর মোবাইল চ্যাট পরীক্ষার অনুমতি আদালত পুলিশকে দিয়েছে। দুই তরফের আইনজীবীর উপস্থিতিতে এই কথোপকথন পরীক্ষা করে দেখা হবে।

পুলিশি হেফাজত শেষে আজ নির্যাতিতার সহপাঠী-সহ ধৃত ৬ জনকে আদালতে পেশ করা হয়। বিচারক ধৃতদের বিচারবিভাগীয় হেফাজতে পাঠানোর নির্দেশ দেন। আগামী ২৭ তারিখ ফের তাদের আদালতে তোলা হবে। পাশাপাশি, নির্যাতিতার বন্ধু ছাড়া ধৃত বাকি পাঁচ জনের টিআই প্যারেডের নির্দেশও দেওয়া হয়েছে।

--------------------------

উত্তর ২৪ পরগনার দত্তপুকুরে এক মূক ও বধির কিশোরীকে ধর্ষণের অভিযোগে সইফুল আলম নামে এক ব্যক্তিকে পুলিশ গ্রেপ্তার করেছে। গত রবিবার দুপুর থেকে মানসিক ভারসাম্যহীন ১৫ বছরের ওই কিশোরীকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। ওই দিন রাতে পীরগাছার একটি ইটভাটায় বিবস্ত্র অবস্থায় তাকে পাওয়া যায়। পুলিশ তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। এরপর নির্যাতিতা কিশোরীর পরিবার দত্তপুকুর থানায় অভিযোগ দায়ের করে।

ঘটনাকে কেন্দ্র করে মহিলাদের নিরাপত্তা নিয়ে শাসকদলের বিরুদ্ধে সরব হয়েছে বিরোধীরা। আজ সকালে সিপিআইএম-এর এক প্রতিনিধিদল, দত্তপুকুর থানায় গিয়ে পুলিশ আধিকারিকের সঙ্গে দেখা করে নির্যাতিতার চিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানান। পরে ঐ কিশোরীর বাড়িতেও যায় প্রতিনিধিদল।

-------------------------

উত্তর ২৪ পরগণার গাইঘাটার চাঁদপাড়া এলাকায় গতরাতে এক তরুণী ও তার বন্ধু আক্রান্ত হয়েছে। তারা যখন ঠাকুর দেখতে বেরিয়েছিলো, তখনই কয়েক জন যুবক তাদের কটুক্তি করে। তার প্রতিবাদ করলে ঐ যুবকরা তাদের ওপর চড়াও হয়ে মারধর করে বলে অভিযোগ। খবর পেয়ে ঘটনাস্থলে তার বোনকে যখন চিকিৎসক দাদা বাঁচাতে আসেন, তখন তাকেও মারধর করা হয়। তবে ঘটনাস্থলে পুলিশ পৌঁছনোর আগে অভিযুক্তরা এলাকা ছেড়ে পালিয়ে যায়। অভিযুক্তদের খোঁজে তল্লাশি চালানো হচ্ছে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে।

-------------------------

নেপালের কাঁকড়ভিটা থেকে মিরিক যাওয়ার পথে নলডাড়ার কাছে আজ দুপুরে একটি যাত্রীবাহী গাড়ি খাদে পড়ে গেলে ৪ জন নিহত এবং ১০ জন আহত হয়েছন। যদিও গাড়িটির চালক রক্ষা পেয়েছেন। গাড়িটি রাস্তা থেকে প্রায় ১০০ ফুট নীচে পড়ে যায়। যাত্রীদের অধিকাংশই ভাইফোঁটা উপলক্ষে তাঁদের আত্মীয়ের বাড়ি যাচ্ছিলেন। স্থানীয় গ্রামবাসীরা দুর্ঘটনার পরেই উদ্ধার কাজ শুরু ক্রেন, পরে মিরিক পুলিশ ও দমকল তাঁদের সঙ্গে যোগ দেয়। নিহতদের মধ্যে দু'জন নেপালের বাসিন্দা আছেন।

উল্লেখ্য, গত ৪ অক্টোবর একটি বিশাল ভূমি ধসের ফলে দুধিয়া সেতুর ক্ষতি হয়। সেই কারণে মিরিক থেকে শিলিগুড়ি পর্যন্ত যাতায়াতের প্রধান বিকল্প পথ হিসেবে যে রাস্তাটি ব্যবহার করা হচ্ছিল, সেখানেই এদিন দুর্ঘটনাটি ঘটে।

--------------------------

উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রামে বাসের রেষারেষির জেরে দুর্ঘটনার কবলে পড়ে মাধ্যমিক পরীক্ষার্থীর মৃত্যু হয়েছে। দুটি এল ২৩৮ নম্বর বাসের মধ্যে রেষারেষি চলাকালীন একটি বাস ঐ মাধ্যমিক পরীক্ষার্থীর স্কুটিতে ধাক্কা মারে। ঘটনাস্থলেই মৃত্যু হয় ঐ পড়ুয়ার। স্কুটিতে থাকা তার আরও দুই বন্ধু বারাসাতের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন। এই ঘটনার জেরে এলাকায় উত্তেজনা ছড়ায়। ক্ষুব্ধ পরিবারের সদস্যরা বেশ কয়েকটি বাসে ভাঙচুর চালায়। মধ্যমগ্রাম থানার বিশাল পুলিশবাহিনী ঘটনাস্থলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বাসটিকে আটক করা হয়েছে।

--------------------------

কোচবিহারের জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্যের বাংলোর বাইরে বাজি ফাটানোকে কেন্দ্র করে অশান্তির ঘটনায় ধৃত মহিলা আইনজীবীর স্বামী সহ সাত

জনকে আদালত পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছে। ওই ঘটনায় এপর্যন্ত দশ জনকে গ্রেফতার করা হয়েছে। তাদের বিরুদ্ধে বে-আইনীভাবে বাজি পোড়ানো ও পথ অবরোধের একাধিক মামলা দায়ের করা হয়। ধৃতদের আজ কোচবিহারের বিশেষ আদালতে তোলা হলে মহিলা আইনজীবী সহ তিনজনের জামিন মঞ্জুর হয়। আইনজীবীর স্বামী পার্থ রায় সহ ৫ জনের দুদিনের পুলিশ হেফাজত, এবং বাকি দুজনের দুদিনের জেল হেফাজত হয়েছে।

এদিকে পুলিশ সুপারের বিরুদ্ধে শিশু ও মহিলাদের মারধোরের অভিযোগে তাঁর পদত্যাগের দাবি জানিয়েছেন স্থানীয়রা।

--------------------------

আগামীকাল ভ্রাতৃদ্বিতীয়া। ভাইয়ের মঙ্গল, দীর্ঘ জীবন ও সুস্বাস্থ্য কামনায় বোনেরা ভাইয়ের কপালে ফোঁটা দেবে। চলবে উপহার বিনিময়ও। অনেকের বাড়িতে আজ প্রতিপদে ভাইফোঁটা পালিত হয়ে থাকে। প্রতিপদে আজ বোনের কাছ থেকে ফোঁটা নিয়েছেন রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম।

--------------------------

রাঢ় বঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর প্রভৃতি জেলায় আজ জামাই বাধনা উৎসব উদযাপিত হয়েছে। এই উৎসবে জামাইকে নিমন্ত্রণ কোরে আপ্পায়ন করা হয় এবং নতুন বস্ত্র সহ বিভিন্ন উপহার দেওয়া হয়। শাশুড়িরা জামাইকে ফোঁটা দিয়ে গৃহে আহ্বান জানান এবং তার জন্য বিভিন্ন সুখাদ্যের আয়োজন করা হয়। কালিপুজোর পরই চিরাচরিতভাবে গো বাধনা ও জামাই বাধনা উৎসব আয়োজন করা হয়।

--------------------------

দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট সুস্পষ্ট নিম্নচাপটি বর্তমানে তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ উপকূল অঞ্চলে অবস্থান করছে। যদিও এর কোনো প্রভাব এরাজ্যে পড়বেনা। আগামী দুদিন কলকাতা সহ রাজ্যের সর্বত্র আকাশ পরিস্কার থাকবে। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন, বঙ্গোপসাগর থেকে বাতাসে জলীয় বাষ্প প্রবেশ করতে থাকায় আগামী শনি ও রবিবার উত্তরবঙ্গের কিছু জায়গায় এবং উপকূলীয় জেলাগুলিতে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

বাইট ডঃ হাবিবুর রহমান বিশ্বাস।

-------------------------- --------------------------